

সারাদেশ

মাদারীপুরে ৫০ পিস ইয়াবাসহ তরুণী গ্রেপ্তার



প্রতিবেদক: মাদারীপুর প্রতিনিধি

প্রকাশের তারিখ: বুধবার, ০৭ অক্টোবর ২০২৬, ০৫:৫৯ PM



মাদারীপুর পৌর শহরের কলেজ রোড এলাকায় অভিযান চালিয়ে ৫০ পিস ইয়াবাসহ নারীসহ তিনজনকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

মঙ্গলবার (৬ অক্টোবর) রাতে গোপন সংবাদের ভিত্তিতে কলেজ রোড এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তার ব্যক্তির নাম হলেন, মাদারীপুর সদর উপজেলার শকুনি (পার্ট-১) এলাকার পান্না মুন্সির ছেলে রিমন মুন্সি (২৯) ও আকাশ মুন্সি (৩০) এবং পৌরসভার শকুনি কলেজ রোড এলাকার মৃত রাকিব আলী মৃধার মেয়ে সামিয়া আক্তার উষা ওরফে ভুবন মোহনী (২৭)।

জেলা গোয়েন্দা পুলিশ জানায়, কলেজ রোড এলাকায় মাদক কেনাবেচার খবর পেয়ে অভিযান চালানো হয়। এ সময় সন্দেহভাজন তিনজনকে আটক করে দেহ তল্লাশি করা হলে তাদের কাছ থেকে ৫০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। সংবাদ পড়ুন

পরে উদ্ধার করা ইয়াবাসহ তিনজনকে গ্রেপ্তার করা হয়। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রক্রিয়া চলছে।

মাদকের বিরুদ্ধে জেলা পুলিশের অভিযান অব্যাহত থাকবে বলেও জানিয়েছে ডিবি পুলিশ।

এ বিভাগের আরও খবর



ঝালকাঠিতে গভীর রাতে ফার্মেসি ও ডায়াগনস্টিক সেন্টার খোলা রাখার দাবিতে মানববন্ধন
ঝালকাঠি শহরে গভীর রাতে চিকিৎসাসেবা নিশ্চিত করতে ওষুধের ফার্মেসি ও ডায়াগনস্টিক সেন্টার খোলা রাখার দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে (বুধবার ৭ অক...)



বাবার হত্যা মামলার বাদীকেই হত্যার চেষ্টার অভিযোগ
পটুয়াখালীর কলাপাড়ায় আলোচিত হারিচ আহমেদ হত্যা মামলার বাদী বাবুল মিয়াকে হত্যাচেষ্টার অভিযোগ উঠেছে মামলার আসামিদের বিরুদ্ধে। গত রোববার সকাল ৯...



রাজৈরে ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা
মাদারীপুরের রাজৈরে ইয়াবাসক্ত হেলের অভ্যাস ও হত্যার হুমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা। উপজেলার কামালদি গ্রামের সূতা...



ঝালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার
ঝালকাঠির নলছিটিতে দুই কেরা গাঁজাসহ রাফিক হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার রাত ১০ টার দিকে উপজেলার মণদাশিয়া ইউনিয়নে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/madaripure-50-pis-iyabash-truni-greptar>